দৈনিক বাংলা

তারিখ ১১ MAR 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

12

# চট্টগ্রাম ভার্সিটি খেলার মাঠে হাঙ্গামা ঃ চাকসু ভবনে ভাংচুর

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১০ই মার্চ।– আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আলাউদ্দিন হল ছাত্র সংসদের বার্ষিক ক্রীড়ানুষ্ঠান শুরু হবার প্রাক্কালে একদল যুবক হামলা করে। ফলে খেলার মাঠে নির্মিত ৩টি প্যান্ডেল বিধ্বস্ত ও ভস্মীভূত হয়। উচ্ছৃংখল ছাত্ররা মাইক্রোফোনসহ চেয়ার টেবিল ভাংচুর করে। সকাল ন'টায় এ ঘটনা ঘটে।

একই সময় অপর একদল যুবক চাকসু ভবনে ঢুকে চেয়ার টেবিল ভাংচুর করে। ফলে নির্ধারিত সময়ের দু'ঘন্টা পর ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব ঘটনা উল্লেখ না করে জানান, বিপুল উৎসাহ

(৩-এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি খেলার

(প্রথম পৃঃ পর)

উদ্দীপনা সহকারে এই ক্রীড়ানুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, এ ঘটনার পর ছাত্র-ছাত্রীদের মধ্যে তীব্র উত্তেজনা ও ক্ষোভ পরিলক্ষিত হয়। এ ঘটনার প্রতিবাদে সর্বদলীয় ছাত্র ঐক্য এক প্রতিবাদ মিছিল বের করে।

চাকসুর ভিপি ও জিএস এক বিবৃতিতে এই হামলার জন্য কারো নাম উল্লেখ না করে জানিয়েছেন, যারা দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টি করে আসছিল সেই গোষ্ঠীই এই হামলা চালিয়েছে।

এদিকে ইসলামী ছাত্র শিবিরও এই ঘটনার পরপর মিছিল বের করে এবং চাকসু ভবনে হামলার প্রতিবাদে শ্লোগান দেয়।

### বোমা বিস্ফোরণে আহত

নিজের বোমার আঘাতে দিলীপ চক্রবর্তী নামে এক যুবক গুরুতর আহত হয়েছে। বোমার বিস্ফোরণে তার একটি হাত উড়ে গেছে।

পাঁচলাইশ থানা পুলিশ তাকে আহত অবস্থায় মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে গ্রেফতার করেছে। বোমা বহন করার সময় এ ঘটনা ঘটে। সে পেশাদার অপরাধী বলে পুলিশ জানায়।